# আপনি আমন্ত্রিত: 2025 NYC হাই স্কুলের শিক্ষার্থী এবং পরিবারদের জন্য ট্র্যানজিশন সামিট

## আপনি কি হাই স্কুল পরবর্তী জীবন এবং পরবর্তী ধাপের জন্য প্রস্তুত?

**শনিবার, 8 (আট) নভেম্বর,** 2025-এ, ম্যানহাটানে অবস্থিত (524 W 59th St.) **জন জে কলেজ**-এ নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর ট্র্যানজিশন অ্যান্ড কলেজ অ্যাক্সেস সেন্টার্স, দ্য ট্র্যানজিশন অ্যালায়েন্স, এবং সিটি ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক দ্বারা আয়োজিত **NYC সিটিব্যাপী হাই স্কুলের শিক্ষার্থী এবং পরিবারদের জন্য উত্তরণ বিষয়ক সম্মেলনে (ট্র্যানজিশন সামিট)** আমাদের সাথে যোগ দিন।

এই ক্ষমতায়নের অনুষ্ঠানটি IEP বা 504 প্ল্যান আছে এমন শিক্ষার্থী ও তাদের পরিবারদেরকে হাই স্কুল পরবর্তী জীবনের জন্য প্রস্তুত হবার সময় উত্তরণ পরিকল্পনায় সহায়তা করার জন্য ডিজাইনকৃত, এতে অন্তর্ভুক্ত কলেজ, ক্যারিয়ার, অথবা স্বনির্ভর জীবন-যাপনের জন্য পথ-নির্দেশনা ও তথ্য-সংস্থান। উচ্চতর শিক্ষা, বৃত্তিমূলক কর্মসূচি, কর্মসংস্থান বিষয়ক সহায়তা, স্বনির্ভর জীবনযাপন সম্পর্কিত পরিষেবা, এবং বিভিন্ন কমিউনিটি সংগঠন সহ সেকেন্ডারি-পরবর্তী প্রস্তুতির পটভূমি থেকে কয়েক ডজন পরিষেবা প্রদানকারীর সাথে আপনার হাই স্কুল পরবর্তী জীবনের জন্য বিবিধ পথ-পরিক্রমা অন্বেষণ করার সুযোগ হবে।

### 2025 সিটিব্যাপী ট্র্যানজিশন সামিট-এ (উত্তরণ বিষয়ক সম্মেলন) কী প্রত্যাশা করা যেতে পারে:

- কলেজ, ক্যারিয়ার, প্রযুক্তিগত, এবং বৃত্তিমূলক কর্মসূচি, বিভিন্ন পরিষেবা প্রদানকারী, এমপ্লয়মেন্ট এজেন্সি, কমিউনিটি-ভিত্তিক সংগঠন, OPWDD প্রদানকারী, এবং উত্তরণ বিষয়ক বিশেষজ্ঞদের সাথে সংযোগ স্থাপনের বিভিন্ন সুযোগ।
- ছোট দলে কর্মশালা এবং এককভাবে উত্তরণ বিষয়ক পরামর্শ।
- তথ্য-সংস্থান শিক্ষার্থী এবং পরিবারদের হাই স্কুল-পরবর্তী জীবনের জন্য প্রস্তুত হতে সহায়তা করার লক্ষ্যে ডিজাইন করা হয়েছে।

### কীভাবে যোগদান করতে হবে

আমাদের সাথে যোগ দেয়ার দুটি সহজ উপায় আছে:

| **অনলাইনে রেজিস্টার করুন** (প্রাধান্যপ্রাপ্ত): | QR কোড |
|---|---|
| অংশগ্রহণকারীর রেজিস্ট্রেশন | |

**হঠাৎ উপস্থিত হওয়া (ওয়াক-ইন) স্বাগত:** অনুষ্ঠানের দিন সেখানে চলে আসুন, এবং আপনি অংশগ্রহণ করতে সক্ষম হবেন।